

**নিউ ইয়র্ক সিটি**  
**মেয়রের কর্মপরিচালনার অফিস**  
**একটি প্রকাশ্য শুনানি এবং সর্বজনীন মন্তব্যের সময়কালের বিজ্ঞপ্তি**  
**প্রস্তাবিত 2022 বার্ষিক কর্ম পরিকল্পনা**

সমস্ত আগ্রহী সংস্থা, কমিউনিটি বোর্ড, গোষ্ঠী এবং ব্যক্তিদের উদ্দেশ্যে:

মার্কিন আবাসন ও নগরোন্নয়ন বিভাগ (U.S. Department of Housing and Urban Development, HUD)-এর 24 CFR 91.105 অনুযায়ী নাগরিকদের অংশগ্রহণ সংক্রান্ত একত্রিত পরিকল্পনার বিধিনিয়মগুলি, মেয়রের কর্মপরিচালনার অফিস (Mayor's Office of Operations)-এর পাশাপাশি নিউ ইয়র্ক সিটির বার্ষিক কর্ম পরিকল্পনা (Annual Action Plan) বাস্তবায়নের জন্য দায়ী সংস্থাগুলির সাথে একটি সময়সূচী প্রস্তুত করেছে:

2022 সালের প্রস্তাবিত বার্ষিক কর্ম পরিকল্পনার জন্য বুধবার, 20শে জুলাই 2022 দুপুর 2:00-3:00টে পর্যন্ত ভার্চুয়াল শুনানি।

2022 সালের প্রস্তাবিত বার্ষিক কর্ম পরিকল্পনার ওপরে সর্বজনীন মন্তব্যের 30-দিনের সময়কালটি হল শুক্রবার, 1 জুলাই, 2022 - শনিবার, 30শে জুলাই, 2022।

প্রস্তাবিত বার্ষিক কর্ম পরিকল্পনাটি যুক্তরাষ্ট্রের আবাসন ও নগরোন্নয়ন বিভাগ (HUD) দ্বারা প্রয়োজন। এটি Cranston-Gonzalez আবাসন আইনের সাশ্রয়ী মূল্যের আবাসন সংক্রান্ত ব্যাপক কার্যকৌশল (Comprehensive Housing Affordability Strategy)-এর বিধিবদ্ধ প্রয়োজনীয়তা এবং HUD-এর চারটি কমিউনিটি পরিকল্পনা ও উন্নয়ন অফিস (Office of Community Planning and Development)-এর যোগ্যতা কর্মসূচির জন্য সিটির বার্ষিক আবেদনকে একীভূত করে: সম্প্রদায়ের উন্নয়নের ব্লক অনুদান (Community Development Block Grant, CDBG), HOME বিনিয়োগ অংশীদারিত্ব (HOME Investment Partnerships), আপৎকালীন সমাধান অনুদান (Emergency Solutions Grant, ESG), এবং এইডস আক্রান্ত ব্যক্তিদের জন্য আবাসনের সুযোগসুবিধা (Housing Opportunities for Persons with AIDS, HOPWA)।

প্রস্তাবিত কর্ম পরিকল্পনাটি শুধু যে তহবিলের জন্য সিটির আবেদন হিসেবে কাজ করে তাই নয়, নিউ ইয়র্ক HOPWA যোগ্য মেট্রোপলিটন স্ট্যাটিস্টিক্যাল এরিয়া (HOPWA Eligible Metropolitan Statistical Area, HOPWA EMSA)-এর জন্য HOPWA অনুদানের আবেদন হিসেবেও কাজ করে। রাষ্ট্রীয় আর্থিক বর্ষ (Federal Fiscal Year, FFY) 2022 থেকে শুরু করে, নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরো এবং তিনটি আপস্টেট নিউইয়র্ক কাউন্টি (ওয়েস্টচেস্টার, রকল্যান্ড এবং পুটন্যাম) নিয়ে HOPWA EMSA গঠিত হবে।

2022 কর্মসূচী বছরের জন্য, সিটি চারটি HUD ফর্মুলা অনুদান কর্মসূচির জন্য এনটাইটেলেমেন্ট ফান্ডে \$304,212,902 পেয়েছে: CDBG-এর জন্য \$166,259,543; HOME-এর জন্য \$81,327,120; HOPWA-এর জন্য \$41,777,058; এবং ESG-এর জন্য \$14,849,181।

আবাসন, গৃহহীনদের জন্য পরিষেবা, সহায়ক আবাসন পরিষেবা এবং সম্প্রদায়ের উন্নয়নের প্রয়োজন, ইতিবাচকভাবে আরও ন্যায্য আবাসন, এবং প্রস্তাবিত কার্যকলাপগুলির উন্নয়নের জন্য সিটির রাষ্ট্রীয় তহবিলের ব্যবহার এবং প্রস্তাবিত পরিকল্পনাটি সম্পর্কে মন্তব্য পাওয়ার জন্য প্রকাশ্য শুনানির সময়সূচী প্রস্তুত করা হয়েছে।

এই পরিকল্পনাটি অ্যাক্সেস করতে, অনুগ্রহ করে আমাদের পেজে যান:

<https://www1.nyc.gov/site/operations/projects/consolidated-plan.page>।

নিউ ইয়র্ক সিটির একত্রিত পরিকল্পনা (Consolidated Plan) সম্পর্কিত প্রশ্নগুলি নিউ ইয়র্ক সিটি একত্রিত পরিকল্পনা কর্মসূচি পরিচালক (Program Manager) Lisa Rambaran-কে পাঠাতে হবে। [conplannyc@cityhall.nyc.gov](mailto:conplannyc@cityhall.nyc.gov)

আমাদের ইমেল তালিকায় থাকতে, অনুগ্রহ করে [conplannyc@cityhall.nyc.gov](mailto:conplannyc@cityhall.nyc.gov)-এ আমাদের একটি ইমেল পাঠিয়ে সাইন আপ করুন।

আপনি ইমেল অ্যাক্সেস করতে না পারলে, অনুগ্রহ করে আপনার যোগাযোগের তথ্য লিখিতভাবে জমা দিন।  
মন্তব্যগুলি [conplannyc@cityhall.nyc.gov](mailto:conplannyc@cityhall.nyc.gov)-এ বা নিম্নলিখিত ঠিকানায় ডাকযোগে জমা দেওয়া যেতে পারে:

Lisa Rambaran  
Mayor's Office of Operations  
253 Broadway 10<sup>th</sup> Floor  
New York, New York 10007

NYC মেয়রের কর্মপরিচালনার অফিস আপনাকে একটি নির্ধারিত জুম মিটিংয়ে আমন্ত্রণ জানাচ্ছে।

**বিষয়:** একত্রিত পরিকল্পনা: 2022 বার্ষিক কর্ম পরিকল্পনা | ভার্চুয়াল প্রকাশ্য শুনানি  
**সময়:** 20 জুলাই, 2022 02:00 PM ইস্টার্ন টাইম (ইউএস ও কানাডা)

জুম মিটিংয়ে যোগ দিন  
<https://us06web.zoom.us/j/85386079227>

মিটিং আইডি: 853 8607 9227  
ওয়ান ট্যাপ মোবাইল  
+16465588656,,85386079227# US (New York)  
+13126266799,,85386079227# US (Chicago)

আপনার অবস্থান অনুসারে ডায়াল করুন  
+1 646 558 8656 US (New York)  
+1 312 626 6799 US (Chicago)  
+1 301 715 8592 US (Washington DC)  
+1 253 215 8782 US (Tacoma)  
+1 346 248 7799 US (Houston)  
+1 720 707 2699 US (Denver)

মিটিং আইডি: 853 8607 9227  
আপনার স্থানীয় নম্বর খুঁজে নিন: <https://us06web.zoom.us/u/kbMokBcgP0>

নিউ ইয়র্ক সিটি  
Eric Adams, মেয়র  
Dan Steinberg, পরিচালক (Director), মেয়রের কর্মপরিচালনার অফিস

তারিখ: 24শে জুন, 2022